গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

বিষয়: ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	তপন কান্তি ঘোষ সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
সভার স্থান	:	সম্মেলন কক্ষ,বাণিজ্য মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
সভার তারিখ	:	২৬ সেপ্টেম্বর ২০২১
সভার সময়	:	বেলা ১১.৩০ ঘটিকা
উপস্থিতি	:	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রশাসন অনুবিভাগের অতিরিক্ত সচিব সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি উপস্থাপন করেন।

আলোচ্যসূচি: ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সংশোধন প্রস্তাব অনুমোদন

সভায় ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংশোধন করে উপস্থাপন করা হয় (পরিশিষ্ট-খ)। কারণিক ভুল থাকায় ১.৪, ১.৬ ২.১ ও ২.২ এ সভা আয়োজনের সংখ্যা সঠিকভাবে উল্লেখ না থাকায় এবং৩.৩ ,৩.৫ এর কার্যক্রম সংশোধন করার প্রস্তাব করা হয়। সভায় ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর তাদের নিজ নিজ সংশোধিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুমোদন প্রদানের জন্য মন্ত্রনালয়ে প্রেরণ করে (পরিশিষ্ট-গ, পরিশিষ্ট-ঘ ,ও পরিশিষ্ট-ঙ) এবং তা উপস্থাপন করা হয়। মন্ত্রনালয় ও দপ্তর সংস্থার সংশোধিত কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হয়।

আলোচ্যসূচি-২: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার,২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ

অতিরিক্ত সচিব (প্রশাসন) ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন অনুবিভাগের প্রধানগণকে অক্টোবর ৫ তারিখের মধ্যে প্রমানকসহ উপসচিব (বাজেট) বরাবর প্রেরণ করার অনুরোধ জানায়।কারণ সকল অনুবিভাগ থেকে প্রাপ্ত প্রতিবেদন একীভূত করে নির্ধারিত তারিখের মধ্যে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। সভাপতি অনুবিভাগের প্রধানগণকে যথাসময়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।

আলোচ্যসূচি-৩: আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড সংক্রান্ত

দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন স্ব-স্ব কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করা হলে তা মন্ত্রনালয় থেকে পরিবীক্ষণ করা সম্ভব মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি সকল দপ্তর/সংস্থার ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে আপলোড করার নির্দেশনা প্রদান করেন।

০২। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সভায় গৃহীত হয়:

২.১. মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হয়;

২.২. অনুবিভাগ প্রধানগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করবে;

২.৩. সকল দপ্তর/সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করবে।

০৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(তপন কান্তি ঘোষ)
সচিব
বাণিজ্য মন্ত্রণালয়

নম্বর-২৬.০০.০০০০.০৯৬.২০.০৩৯.২১/২৬৯

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮ / ২৭ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০২। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম
০৩। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১, কাওরান বাজার, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/এফটিএ/রপ্তানি/আইআইটি/ডিটিও/এলডিসি/ডব্লিউটিও), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। মহা-পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টিসিবি ভবন, ১, কারওরান বাজার, ঢাকা
০৬। রেজিস্ট্রার, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়, ১, কারওরান বাজার, টিসিবি ভবন, ঢাকা
০৭। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রিড়া পরিষদ ভবন, ঢাকা
০৮। চেয়ারম্যান, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, ১, কারওয়ান বাজার, টিসিবি ভবন, ঢাকা
০৯। যুগ্মসচিব (প্রশাসন-১),বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। উপসচিব (বাজেট/প্রশা-১/প্রশা-২/প্রশা-৭/অবা-৩/টিও-১/পরিকল্পনা-৩), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। সহকারী পরিচালক-১, ডব্লিউটিও সেল, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**ওয়েবসাইটের শুদ্ধাচার সেবা বক্সের প্রজ্ঞাপন-পরিপত্র-নীতিমালা অংশে প্রকাশের অনুরোধসহ**)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অফিস/মাস্টার কপি।

২৭/০৯/২০২১
(মোহাম্মদ আক্তার হোসেন)
সহকারী সচিব
ফোন-৯৫৪৬৭১৬
E-mail: ds.budget@mincom.gov.bd